



সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
সুশাসন ও সংস্কার শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bridgesdivision.gov.bd

৮ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫০.০০.০০০০.০০০.২০১.৪১.০০০১.২৫.৪৩

বিষয়: জাতীয় রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: বিদ্যুৎ বিভাগের স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫.৩১৬; তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৩১ আগস্ট ২০২৫ তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় বিদ্যুৎ বিভাগের সচিব জনাব ফারজানা মমতাজ মহোদয়ের সভাপতিত্বে “জাতীয় রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি” বিষয়ক এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীতে সকল মন্ত্রণালয়/বিভাগের জন্য ০৮ (আট) টি সিদ্ধান্ত গৃহীত হয় যার মধ্যে সেতু বিভাগের আওতাধীন সংস্থা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক ০৫ (পাঁচ) টি কার্যক্রমসমূহ নিম্নরূপ:

ক্রমিক	বিদ্যুৎ বিভাগের সিদ্ধান্ত	বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কার্যক্রম
৩.২	মন্ত্রণালয়/বিভাগ প্রাক্কলন প্রেরণের পূর্বে স্থাপিত কোন সিস্টেমে নেট মিটারিং সংযোগ সংক্রান্ত কোন সমস্যা থাকলে তা বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে।	জাতীয় রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩.৩	প্রত্যেক প্রতিষ্ঠান আবশ্যিকভাবে ভবনের স্থায়িত্বের বিষয়ে নিশ্চিত হয়ে প্রাক্কলন প্রেরণ করবে এবং সিস্টেম স্থাপনের সময় নিজ নিজ প্রয়োজনীয় নিরাপত্তার বিষয়ে লক্ষ্য রাখবে।	
৩.৪	৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধীনস্থ সকল কার্যালয়/সংস্থা থেকে প্রাক্কলন সংগ্রহ করে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।	২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রাক্কলন প্রস্তুতপূর্বক বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩.৬	যে প্রতিষ্ঠানে রুফটপ সিস্টেম স্থাপন করা হবে সেই প্রতিষ্ঠানের কোন একটি কক্ষের ভেতরে ইনভার্টার ও মিটার স্থাপন করতে হবে যাতে এ সকল যন্ত্রপাতির নিরাপত্তা নিশ্চিত হয়।	জাতীয় রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩.৭	পরিপত্রে উল্লিখিত ওয়েব এপ্লিকেশনের মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করতে হবে, অন্য কোনো পদ্ধতি গ্রহণযোগ্য নয়।	

০২। এমতাবস্থায়, বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী এসাথে প্রেরণপূর্বক জাতীয় রুফটপ সোলার কর্মসূচি সংক্রান্ত উপরোক্ত ছকের সিদ্ধান্ত ৩.২, ৩.৩, ৩.৪, ৩.৬, ৩.৭ আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: রুফটপ সোলার কার্যবিবরণী

সকল সংযুক্তিসমূহ:

(১) রুফটপ সোলার কার্যবিবরণী

২৩-০৯-২০২৫

ওয়াহেদুর রশীদ

সহকারী সচিব

+৮৮৫৫৫০৪০৩৮০

asadmin@bridgesdivision.gov.bd

নির্বাহী পরিচালক

নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।

স্মারক নম্বর: ৫০.০০.০০০০.০০০.২০১.৪১.০০০১.২৫.৪৩/১ (৪)

তারিখ: ৮ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।

২। যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, সেতু বিভাগ।

৩। উপসচিব, প্রশাসন অধিশাখা, সেতু বিভাগ।

৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সেতু বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।।



২৩-০৯-২০২৫

ওয়াহেদুর রশীদ

সহকারী সচিব

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের স্থাপনাসমূহে সোলার সিস্টেম স্থাপনযোগ্য এলাকা চিহ্নিতকরণ সংক্রান্ত প্রতিবেদন

১. ভূমিকা

বর্তমান বিশ্ব প্রেক্ষাপটে জলবায়ু পরিবর্তন মোকাবিলা এবং জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ একটি বৈশ্বিক চ্যালেঞ্জ হিসেবে আবির্ভূত হয়েছে। বাংলাদেশ সরকার টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে এবং এর অংশ হিসেবে অদূর ভবিষ্যতে দেশের মোট জ্বালানি উৎপাদনের একটি উল্লেখযোগ্য অংশ নবায়নযোগ্য উৎস বা গ্রিন এনার্জি থেকে নিশ্চিত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক জাতীয় রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়ন গাইডলাইন প্রণয়ন করা হয়েছে।

দেশের যোগাযোগ অবকাঠামো উন্নয়নের অন্যতম অংশীদার হিসেবে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বাসেক) জাতীয় গুরুত্বপূর্ণ স্থাপনা, যেমন-সেতু, টানেল, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, সাইট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করে থাকে। এই কর্মযজ্ঞ পরিচালনায় প্রতিনিয়ত বিপুল পরিমাণ বিদ্যুতের প্রয়োজন হয়। কর্তৃপক্ষের আওতাধীন স্থাপনাগুলোতে, বিশেষ করে টোল প্লাজা, অফিস ভবন এবং প্রকল্প এলাকাগুলোতে পর্যাপ্ত অব্যবহৃত ছাদ (Rooftop) ও ফাঁকা জমি রয়েছে, যা সৌর বিদ্যুৎ উৎপাদনের জন্য উপযোগী। প্রচলিত জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরতা হ্রাস, বিদ্যুৎ খাতে সরকারি ব্যয় সাশ্রয় এবং পরিবেশবান্ধব উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে 'জাতীয় রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়ন গাইডলাইন' এর আলোকে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ নিজস্ব স্থাপনাগুলোতে রুফটপ সোলার ও সোলার সিস্টেম স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে এবং সোলার সিস্টেম স্থাপনযোগ্য এলাকা চিহ্নিতকরণের নিমিত্ত সেতু বিভাগ কর্তৃক একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কর্মপরিধির মধ্যে রয়েছে- বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীনস্থ স্থাপনাগুলোতে সোলার সিস্টেম স্থাপনের উপযোগী এলাকা চিহ্নিতকরণ, প্রয়োজনীয় সুপারিশ প্রদান এবং কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য নির্দেশনা বাস্তবায়ন ইত্যাদি। এই লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃপক্ষের বিভিন্ন দপ্তর ও চলমান প্রকল্পের প্রকল্প পরিচালকগণের নিকট থেকে সোলার সিস্টেম স্থাপনের উপযোগী স্থান চিহ্নিতকরণ সংক্রান্ত তথ্য আনুষ্ঠানিকভাবে সংগ্রহ করে ও সম্ভাব্য এলাকা সরেজমিন পরিদর্শন করে। এই প্রতিবেদনে সরেজমিন পরিদর্শন ও প্রাপ্ত তথ্যসমূহের বিশ্লেষণ এবং সেগুলোর ভিত্তিতে সুপারিশসমূহ উপস্থাপন করা হলো।

২. প্রাপ্ত তথ্যের উৎস ও কর্মপদ্ধতি

সোলার সিস্টেম স্থাপনের উপযোগী স্থান চিহ্নিতকরণের জন্য ২০ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নলিখিত দপ্তর ও প্রকল্পসমূহ থেকে তথ্য সংগ্রহ ও সরেজমিন পরিদর্শন করা হয়েছে:

- পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)- যমুনা সেতু, পদ্মা সেতু, মুক্তারপুর সেতু এবং কর্ণফুলি টানেলে সোলার সিস্টেম স্থাপন সংক্রান্ত তথ্য;
- বিভিন্ন চলমান প্রকল্পের প্রকল্প পরিচালকগণ- চলমান প্রকল্পে সোলার সিস্টেম স্থাপনযোগ্য এলাকা সংক্রান্ত তথ্য;
- অতিরিক্ত পরিচালক (প্রশাসন)- সোলার সিস্টেম স্থাপন বিষয়ে Land Use সংক্রান্ত মান্টারপ্ল্যান এর তথ্য;
- প্রাথমিক তালিকা প্রাপ্তির পর উপর্যুক্ততা নিরূপণের লক্ষ্যে কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন।

প্রাপ্ত তথ্যসমূহকে দুটি প্রধান ভাগে বিভক্ত করে বিশ্লেষণ করা হয়েছে: (ক) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নিজস্ব ভবন ও এর আওতাধীন সাইট অফিসের রুফটপ ও অব্যবহৃত এলাকা এবং (খ) চলমান প্রকল্প ও এর আওতাধীন নির্মিতব্য ভবনের রুফটপ।



৩. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নিজস্ব ভবন ও সাইট অফিসের বুফটপ ও অব্যবহৃত এলাকা

পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স) এর দপ্তর হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনা ও কমিটির সরেজমিন পরিদর্শনে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রধান স্থাপনাগুলোর সংলগ্ন অব্যবহৃত ফাঁকা ভূমি ও বুফটপ এলাকায় সোলার সিস্টেম স্থাপনের সম্ভাব্য সুযোগ চিহ্নিত করা হয়েছে; যা নিয়ে ছক আকারে উপস্থাপন করা হলো:

৩.১ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নিজস্ব ভবন

বিবরণ	প্রস্তাবিত ক্ষমতা (KW)	বর্তমান অবস্থা/মন্তব্য
নিজস্ব ভবন (বুফটপ)	৪০	২০ কিলোওয়াট স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে।
নির্মাণাধীন ৪ তলা ভবন (বুফটপ)	১০	--
নিজস্ব ভবন (পোর্চ)	০৫	--
পার্কিং এরিয়া	৩০	--
মোট প্রস্তাবিত ক্ষমতা	৮৫ কিলোওয়াট	--
সার্বিক মন্তব্য	প্রস্তাবিত ক্ষমতা ৮৫ কিলোওয়াট এর মধ্যে ইতোমধ্যে ২০ কিলোওয়াট স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। আরও ৬৫ কিলোওয়াট অতিরিক্ত স্থাপনের সুযোগ রয়েছে।	

৩.১ যমুনা সেতু

বিবরণ	পরিমাণ/তথ্য	ক্ষমতা (MWP)	মন্তব্য
যমুনা সেতুর পশ্চিম পাড়ে সিরাজগঞ্জ এলাকায় ৮৮ MW ক্ষমতাসম্পন্ন সোলার পাওয়ার প্ল্যান্ট নির্মাণ করা হয়েছে।	২১৪ একর ও ১২.৪৩ একর মোট-২২৬.৪৩ একর	৮৮.৭৫ MW	বাসেক এবং নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (NWPGL) এর মধ্যে এই জমি ৩০ বছর মেয়াদী অস্থায়ী ইজারা সংক্রান্ত চুক্তিটি ২১ জানুয়ারি ২০২১ তারিখে স্বাক্ষরিত হয়। সোলার বিদ্যুৎ উৎপাদন হচ্ছে।
ফাঁকা জমি (টাঙ্গাইল প্রান্ত)	আনুমানিক ২৬ একর	পরিমাপ করা হয়নি	টাঙ্গাইল প্রান্তে পূর্ব গাইড বীধ (u/s) সংলগ্ন।
সার্বিক মন্তব্য	সেতুর টাঙ্গাইল প্রান্তে আনুমানিক ২৬ একর খোলা জায়গায় Ground Mounted সোলার সিস্টেম স্থাপন করার সুযোগ রয়েছে।		

৩.২ পদ্মা সেতু

বিবরণ	পরিমাণ/তথ্য	ক্ষমতা (MWP)	মন্তব্য
পদ্মা সেতুর দক্ষিণ পাড়ে (জাজিরা এলাকায়, নদীশাসন সংলগ্ন) সোলার পাওয়ার প্ল্যান্ট নির্মাণের উদ্দেশ্যে বাসেক এর অধিগ্রহণকৃত জমি ইজারা প্রদান	১৮০ একর	--	বাসেক এবং নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (NWPGL) এর মধ্যে ৩০ বছর মেয়াদী ইজারা সংক্রান্ত চুক্তিটি ০৮ অক্টোবর ২০২৪ তারিখে স্বাক্ষরিত হয়।
মাওয়া গাইড বীধ (u/s) সংলগ্ন (খোলা জায়গা)	৬.৭৪ একর	পরিমাপ করা হয়নি	--
জাজিরা গাইড বীধ (u/s) সংলগ্ন (খোলা জায়গা)	৮.৫০ একর	--	--

Handwritten signatures and initials at the bottom of the page.

সম্ভাব্য এলাকা	১৫.২৪ একর	--	--
সার্বিক মন্তব্য	মাওয়া ও জাজিরা প্রান্তে গাইড বীথ সংলগ্ন ১৫.২৪ একর ফাঁকা জমিতে Ground Mounted সোলার সিস্টেম স্থাপন করার সুযোগ রয়েছে।		

৩.৩ কর্ণফুলি টানেল

বিবরণ	পরিমাণ/তথ্য	প্রস্তাবিত ক্ষমতা (MWP)
ফাঁকা জমি	১৭.৭ একর	৭.০৮
রুফটপ এলাকা	১.১১ একর	০.৬৯
মোট প্রস্তাবিত এলাকা	১৮.৮১ একর	৭.৭৭
সার্বিক মন্তব্য	IDCOL কর্তৃক Feasibility Assessment on Solar Potential for Karnaphuli Tunnel Project- শীর্ষক প্রতিবেদনে সোলার সিস্টেম স্থাপনের সম্ভাব্যতা নিরূপণ করা হয়েছে। উক্ত সমীক্ষার আলোকে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।	

৩.৪ মুক্তারপুর সেতু

বিবরণ	পরিমাণ/তথ্য	ক্ষমতা (MWP)	মন্তব্য
টোল প্লাজা, স্টাফ বিল্ডিং এবং ওজন স্টেশন এর রুফটপ এরিয়া	আনুমানিক ০.১১ একর	--	--
সার্বিক মন্তব্য	আনুমানিক ০.১১ একর রুফটপ এরিয়ায় সোলার সিস্টেম স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।		

৪. চলমান প্রকল্প থেকে প্রাপ্ত তথ্য ও সোলার স্থাপনের সুযোগ

কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন ও চলমান প্রকল্পের প্রকল্প পরিচালকগণের নিকট হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনায় বিভিন্ন চলমান প্রকল্পেও সোলার সিস্টেম বা সোলার স্ট্রিট লাইট স্থাপনের সুযোগ চিহ্নিত করা হয়েছে যা নিম্নে উল্লেখ করা হলোঃ

৪.১ সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প ও পুনর্বাসন ডিলেজ

প্রকল্পের বিনিয়োগকারী প্রতিষ্ঠান First Dhaka Elevated Expressway Co. Ltd. (FDDE) থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, এই প্রকল্পে ইতোমধ্যে উল্লেখযোগ্য পরিমাণে সোলার সিস্টেম স্থাপন করা হয়েছে এবং আরও সম্ভাবনাময় এলাকা চিহ্নিত করা হয়েছে।

সোলার সিস্টেমের স্থান	স্থাপনকৃত ক্ষমতা	ভবিষ্যৎ সম্ভাবনা	মন্তব্য
১. ওএন্ডএম ভবনসমূহ	৫৯.৫৮ কিলোওয়াট	--	CCB, টোল সার্ভিল্যান্স, টোল বিল্ডিং, ওয়ে স্টেশন ভবনসহ অন্যান্য O&M ভবনে ইতোমধ্যে স্থাপিত।
২. পুনর্বাসন ডিলেজ (স্থাপিত)	২৭১ কিলোওয়াট (অন গ্রীড সোলার সিস্টেম)	--	ব্লক-এ (১২০ কিলোওয়াট) এবং ব্লক-বি (১২০ কিলোওয়াট) সহ অন্যান্য ভবনে ৩১ কিলোওয়াট, মোট ২৭১ কিলোওয়াট।

(Handwritten signatures and marks)

৩. পুনর্বাসন ভিলেজ (প্রস্তাবিত)	--	১৬৫ কিলোওয়াট	কমিউনিটি মার্কেট, স্কুল, ক্লিনিক, জিম, সাব-স্টেশন ও মসজিদের ছাদে প্রস্তাবিত
মোট স্থাপিত ক্ষমতা	৩৩০.৫৮ কিলোওয়াট	--	
মোট প্রস্তাবিত ক্ষমতা	--	১৬৫ কিলোওয়াট	--
সার্বিক মন্তব্য	পুনর্বাসন ভিলেজ এর কমিউনিটি মার্কেট, স্কুল, ক্লিনিক, জিম, সাব-স্টেশন ও মসজিদের ছাদে প্রস্তাবিত ১৬৫ কিলোওয়াট ক্ষমতা সম্পন্ন সোলার সিস্টেম স্থাপন করা যেতে পারে।		

৪.২ গ্রোটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট)

- স্থান: বাসেক অংশের আওতাধীন ০৬টি বিআরটি স্টেশন।
- ক্ষমতা: প্রতিটি স্টেশনে ১৬ KWP, সর্বমোট ৯৬ KWP (কিলোওয়াট-পিক)।
- ধরণ: Off Grid (বিদ্যুৎ বিভ্রাটের সময় কার্যকারিতা নিশ্চিত করবে)।

৪.৩ পঞ্চবটি হতে মুক্তাপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প

- উদ্ভাবনী উদ্যোগ: প্রচলিত স্ট্রিট লাইটের পরিবর্তে পরিবেশবান্ধব সৌর বিদ্যুৎ চালিত বাতি স্থাপনের সুযোগ রয়েছে।
- পরিমাণ: প্রতিটি ২০০ ওয়াটের ৫৮৬ সেট সৌর বিদ্যুৎ চালিত স্ট্রিট লাইট।
- অতিরিক্ত সুযোগ: ১০০ কিলোওয়াট সোলার প্যানেল স্থাপনের সুযোগ রয়েছে।

৪.৪ ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প

- বর্তমান অবস্থা: প্রকল্পের ভূমি অধিগ্রহণ এখনও সম্পন্ন হয়নি। প্রকল্পের কাজ সম্পন্ন হলে বাস্তব অবস্থার প্রেক্ষিতে সোলার সিস্টেম স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।
- ভবিষ্যৎ সুযোগ: Central Control Building (CCB), Police Station Building (PSB), Toll Plaza Building (TPB), এবং Employer's Office Building (EOB) এর রুফটপে সোলার সিস্টেম স্থাপন করা যেতে পারে।
- অন্যান্য: ২৪ কিঃমিঃ এলিভেটেড অংশে ভবিষ্যতে সোলার এনার্জি স্ট্রিট লাইট স্থাপনের ব্যবস্থা রাখা হয়েছে।

৪.৫ মতলব উত্তর-গজারিয়া সড়কে মেঘনা-খনাগোদা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প

- বর্তমান অবস্থা: প্রকল্পের ভূমি অধিগ্রহণ এখনও সম্পন্ন হয়নি। প্রকল্পের কাজ সম্পন্ন হলে বাস্তব অবস্থার প্রেক্ষিতে সোলার সিস্টেম স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।
- ভবিষ্যৎ পরিকল্পনা: পরামর্শক নিয়োগের পর বিস্তারিত নকশা পর্যালোচনার সময় টোল কমপ্লেক্স এবং সার্ভিস এরিয়ার ছাদে সোলার সিস্টেম স্থাপনের বিষয়টি বিবেচনা করা হবে।


৪.৬ পায়রা নদীর ওপর সেতু নির্মাণ প্রকল্প (Construction of Bridge on Kachua-Patuakhali Road over the River Paira)


- টোল মনিটরিং ভবনের রুফটপ- ১৯ KWP (১৯১০ বর্গফুট)
- রেসিডেন্সিয়াল ভবনের রুফটপ- ৬ KWP (৬৮০ বর্গফুট)
- মোট প্রাকল্পিত ক্ষমতা: ২৫ KWP


Handwritten signatures and initials are present at the bottom of the page, including a large 'X' mark, a signature, and several other initials.


৫. সুপারিশসমূহ


- মাস্টারপ্ল্যান প্রণয়ন: বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন সকল বর্তমান ও ভবিষ্যৎ স্থাপনাসমূহে সোলার সিস্টেম স্থাপন সংক্রান্ত একটি মাস্টারপ্ল্যান প্রণয়ন করা যেতে পারে।
- সমন্বিত সম্ভাব্যতা সমীক্ষা (Integrated Feasibility Study): সোলার সিস্টেম স্থাপন ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে কোনো অভিজ্ঞ প্রতিষ্ঠানের মাধ্যমে একটি পূর্ণাঙ্গ সমন্বিত সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করা যেতে পারে।
- সোলার স্ট্রিট লাইট স্থাপনে অগ্রাধিকার: নতুন সেতু, এ্যাপ্রোচ রোড ও এক্সপ্রেসওয়ে প্রকল্পে প্রচলিত স্ট্রিট লাইটের পরিবর্তে পরিবেশবান্ধব সোলার স্ট্রিট লাইট স্থাপনকে অগ্রাধিকার প্রদানের নিমিত্ত প্রকল্পের ডিপিপি-তে বিষয়টি অন্তর্ভুক্ত করা।



(মোঃ আসিফুল আলম)
সহকারী পরিচালক (এস্টেট-১)
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
ও
সদস্য
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের
স্থাপনাসমূহে সোলার সিস্টেম
স্থাপনযোগ্য এলাকা চিহ্নিতকরণ কমিটি



(মোঃ উজ্জ্বল আলী)
নির্বাহী প্রকৌশলী (নদীশাসন)
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
ও
সদস্য
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের
স্থাপনাসমূহে সোলার সিস্টেম স্থাপনযোগ্য
এলাকা চিহ্নিতকরণ কমিটি



(ড. মাহমুদুর রহমান)
নির্বাহী প্রকৌশলী
সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে
পিপিপি প্রকল্প
ও
সদস্য
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের
স্থাপনাসমূহে সোলার সিস্টেম
স্থাপনযোগ্য এলাকা চিহ্নিতকরণ কমিটি



(মোঃ ওহিদুজ্জামান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মেইনটেন্যান্স)
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
ও
সদস্য
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের
স্থাপনাসমূহে সোলার সিস্টেম
স্থাপনযোগ্য এলাকা চিহ্নিতকরণ কমিটি


(মোঃ সাদ্দাম-হোসেন খান)
উপসচিব (বাজেট), সেতু বিভাগ
ও
সদস্য
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের
স্থাপনাসমূহে সোলার সিস্টেম
স্থাপনযোগ্য এলাকা চিহ্নিতকরণ কমিটি


(দুলাল চন্দ্র সুব্রধর)
উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন ও অর্থ) ঢাকা
আশুলিয়া এলিভেটেড
এক্সপ্রেসওয়ে প্রকল্প
ও
সদস্য
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের
স্থাপনাসমূহে সোলার সিস্টেম
স্থাপনযোগ্য এলাকা চিহ্নিতকরণ কমিটি


(মোঃ খালেদ হোসেন)
উপসচিব (উন্নয়ন), সেতু বিভাগ
ও
সদস্য
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের
স্থাপনাসমূহে সোলার সিস্টেম
স্থাপনযোগ্য এলাকা চিহ্নিতকরণ কমিটি


(মোঃ ওয়ালীউল হাসান)
অতিরিক্ত পরিচালক (পিএ্যান্ডডি)
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
ও
সদস্য-সচিব
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের
স্থাপনাসমূহে সোলার সিস্টেম স্থাপনযোগ্য
এলাকা চিহ্নিতকরণ কমিটি


(মাহমুদ ইবনে কাসেম)
যুগ্মসচিব (উন্নয়ন), সেতু বিভাগ
ও
আস্থায়ক
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের
স্থাপনাসমূহে সোলার সিস্টেম
স্থাপনযোগ্য এলাকা চিহ্নিতকরণ কমিটি